

২০২৪

বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমিস্টার

কোর্স কোড : BENG-SEC-304

[NEP-2020]

পূর্ণমান : ৩৫

সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১×৫=৫

ক) 'সরল বাংলা অভিধান' গ্রন্থটি কার লেখা এবং গ্রন্থটি কবে প্রকাশিত হয়?

খ) 'আমাকে বল ভরসা দেবার জন্য সম্পাদক মশাই একটি বই আর একটি পত্রিকা পাঠিয়েছেন' — উল্লিখিত বই ও পত্রিকার নাম কী?

গ) 'ঋত্বিক' কথার অর্থ কী?

ঘ) 'অগিমা'/'অনিমা' — এই বানান দুটির মধ্যে লেখকের মতে কোনটি সঠিক তা লেখো।

ঙ) ভাষাবিজ্ঞানে মাতৃভাষা বা প্রথম ভাষা কাকে বলে?

চ) ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য কী?

ছ) প্রমিত বাংলা ভাষা কাকে বলে?

জ) 'একটা আশার কথা কানে এলো' — এখানে কোন আশার কথা বলা হয়েছে?

[পরের পাতায়]

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- ক) 'কাজের বাংলা' প্রবন্ধে 'সাঁট ইশারা' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- খ) ভাষাবিদ পবিত্র সরকারের 'বাংলা লেখার সহজ পাঠ' গ্রন্থে ভাষাকে 'সৃষ্টির খেলা' বলার তাৎপর্য ব্যাখ্যা করো।
- গ) 'বাংলা কী লিখবেন কেন লিখবেন' প্রবন্ধে অবলম্বনে উদ্ধৃতি চিহ্নের ব্যবহার সম্পর্কে প্রাবন্ধিকের অভিমত ব্যাখ্যা করো।
- ঘ) পদ কাকে বলে? পদ কয় প্রকার ও কী কী? শব্দ ও পদের মধ্যে দুটি পার্থক্য লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) 'ইনট্রো' কী? সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশের জন্য লেখক কয়টি ইনট্রোর কথা বলেছেন ও কী কী? এই ইনট্রোগুলির ক্ষেত্রে লেখক কোন কোন নিয়ম অনুসরণের কথা বলেছেন? ইনট্রোর গুরুত্ব আলোচনা করো।
- খ) 'কাজের বাংলা' প্রবন্ধে অবলম্বনে 'গত্ব' ও 'যত্ব' বিধির নিয়মগুলি আলোচনা করো।
- গ) 'বাংলা লেখার সহজ পাঠ' প্রবন্ধে অবলম্বনে বাক্য পরিবর্তন ও বাচ্য পরিবর্তন সম্পর্কে আলোচনা করো।
- ঘ) 'বাংলা ভাষায় কিছু যতি চিহ্ন আছে, সেগুলি যথোপযুক্ত ব্যবহারে বাংলা লেখাটি সুপাঠ্য হয়' — এই উক্তি অবলম্বনে বাংলা লেখায় ব্যবহৃত পাঁচটি যতি চিহ্নের যথোপযুক্ত ব্যবহার সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।